# নিয়োগকর্তাগণ: সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন সম্পর্কে আপনার যা জানার দরকার
# নো ম্যাচ লেটার

## "SSA নো ম্যাচ" লেটার কী?

সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন (SSA) নো ম্যাচ লেটার হচ্ছে একটি চিঠি যেটিকে “এমপ্লয়ার কারেকশন রিকোয়েস্ট” বলা হয়, এটি নিয়োগকর্তার উদ্দেশ্য প্রদত্ত একটি শিক্ষামূলক চিঠি যেটি নিয়োগকর্তার দেয়া তথ্য এবং SSA-এর নথিতে থাকা তথ্যের মধ্যকার অমিল বিষয়ে সতর্ক করার উদ্দেশ্যে প্রেরণ করা হয় যেটি সঠিক না হলে একজন কর্মীর সোশ্যাল সিকিউরিটি বেনিফিটে তারতম্য হতে পারে। একজন নিয়োগকর্তা কর্তৃক জানানো কর্মীর নাম এবং / অথবা সোশ্যাল সিকিউরিটি নম্বর এর সাথে (SSN) SSA রেকর্ডে থাকা নাম এবং / অথবা SSN-এর সাথে থাকা তথ্যের সাথে মিল না থাকার বিষয়টি এই চিঠিতে বলা হয়ে থাকে। বেশ কয়েক বছর ধরে বিরত থাকার পর 2019 সালের মার্চ থেকে SSA এই সকল চিঠিপত্র নিয়োগকর্তাদের কাছে পুনরায় দেয়া শুরু করেছে।

## একটি SSA নো ম্যাচ লেটার কী একজন নিয়োগকর্তা বা কর্মীর অন্যায় কাজের কারণে প্রদান করা হয়?

**না।** লেখার সময় ভুল, প্রশাসনিক ত্রুটি, অথবা রিপোর্ট করা হয়নি নামের এমন পরিবর্তন সহ অনেক কারণেই অমিল থাকতে পারে। SSA চিটি উল্লেখ করে: *"এই চিঠির মাধ্যমে এটি বুঝায় নে যে যে আপনি [নিয়োগকর্তা] বা আপনার কর্মচারী ইচ্ছাকৃতভাবে কর্মচারীর নাম বা* SSN *সম্পর্কে সরকারকে ভুল তথ্য দিয়েছেন।"* [1]

## কোনো SSA নো ম্যাচ লেটার পাওয়ার মানে কী একজন কর্মীর কোন কাগজপত্র নেই বা কাজের কোন অনুমতি নেই?

**না।** উপরে যেমনটি বলা হয়েছে, তথ্যের অমিল থাকার কারণে SSA কে একটি নো ম্যাচ লেটার লিখতে হয়েছে, যেটি জারি করার পেছনে বিভিন্ন কারণ থাকতে পারে। SSA চিটি উল্লেখ করে: "*এই চিঠি আপনার কর্মচারীর কাজের অনুমোদন কিংবা অভিবাসন অবস্থা নিয়ে কাজ করে না।*" মার্কিন যুক্তরাষ্ট্রে বিচার বিভাগও পরামর্শ দিয়েছে যে কোনও চিঠি প্রাপ্তির মানে হল সংশ্লিষ্ট কর্মীদের অভিবাসন সংক্রান্ত কোন সমস্যা রয়েছে তা নিয়োগকর্তাদের ধরে নেয়া উচিত হবে না।[2]

## নো ম্যাচ লেটার পেলে একজন নিয়োগকারীর করনীয় কী?

নো ম্যাচ লেটারে কিভাবে নাম ও SSN এ থাকা অমিল দেখতে ও সংশোধন করতে হয় তার নির্দেশনাবলী দেয়া আছে। নিয়োগকর্তাদের উচিত কর্মীদের চিঠিটির একটি অনুলিপি সরবরাহ করা যাতে করে কর্মীরা SSA এ সঠিক তথ্য থাকা নিশ্চিত করতে সহায়তা করতে পারে। SSA এর ওয়েবসাইটে আরো তথ্য দেয়া রয়েছে যাতে আছে নমুনা বিজ্ঞপ্তি, ধাপে ধাপে নির্দেশনাবলী ও প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী:https://www.ssa.gov/employer/notices.html।

যেমনটি SSA চিঠিতে বলা হয়েছে: *"চিঠিতে একজন কর্মীর তথ্যের সাথে* SSN *এর তথ্যে অমিল থাকার কথা বলা হলে বা আমাদের কাছে তার যে নাম দেয়া হয়েছে তার কোন অমিল থাকলে শুধুমাত্র সেকারণেই কোন কর্মচারীর বিরুদ্ধে লে-অফ, সাময়িক বরখাস্ত, , চাকরিচ্যুত করা, কিংবা বৈষম্যমূলক আচরণের মত বিরূপ পদক্ষেপ নেবেন না।"*

## সংশোধন করার কোনো নির্দিষ্ট সময়সীমা রয়েছে কি?

**না।** কোনো নির্দিষ্ট সময়সীমা নেই। SSA নো ম্যাচ লেটারে যা বলা হয়েছে "একটি নো ম্যাচ লেটার নিয়োগকারীদের সতর্ক করার উদ্দেশ্যে প্রদত্ত একটি শিক্ষামূলক চিঠি"।

এছাড়াও, SSA জানিয়েছে যে এটি কোনো আইন প্রয়োগকারী সংস্থা নয় এবং, জুনের প্রথমদিকে, কংগ্রেশনাল কর্মকর্তাদের সাথে নিশ্চিত করেছে যে এটি, [নো ম্যাচ] চিঠির সাথে সম্মতি প্রদান না করলে নিয়োগকর্তাদের উদ্দশ্যে কোনো প্রকার ব্যবস্থা গ্রহণ করা হয় না, অথবা SSA -এর সাথে অমিল থাকার কারণে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় না"[3] *(পরবর্তী পাতায় অব্যাহত)*

---

[1]স্যাম্পল সোশ্যাল সিকিউরিটি এডমিনিস্ট্রেশন রিটায়ারমেন্ট, সারভাইভরস, এবং ডিসএবিলিটি ইনস্যুরেন্স এমপ্লয়ার কারেকশন রিকোয়েস্ট https://www.ssa.gov/employer/notices/EDCOR%20Letter%20-%20Final%209-16-19508.docx.pdf-পাওয়া যাবে।

[2]নাম/সোশ্যাল সিকিউরিটি নম্বর "নো ম্যাচ," বিষয়ে বিচার বিভাগের, প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলীhttps://www.justice.gov/sites/default/files/crt/legacy/2010/12/29/FAQs.pdf

[3]সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন-এর ভারপ্রাপ্ত কমিশনার ন্যান্সি এ. বেরিহিল [Nancy A. Berryhill], শিক্ষাসংক্রান্ত যোগাযোগের চিঠিপত্র (EDCOR)/ (জুন 3, 2019 সাল) সম্মানিত জিম অ্যাকোস্টার [Hon. Jim Acosta] উদ্দেশ্যে নিয়োগকর্তা সংশোধন অনুরোধ (অর্থাৎ "নো ম্যাচ") চিঠিপত্র।

## যাদের বিবরণ অন্যান্য সংস্থার সাথে মেলে না সে সকল নিয়োগকর্তা এবং কর্মচারী সম্পর্কে তথ্য কি SSA শেয়ার করে?

**SSA অনুযায়ী, নো ম্যাচ লেটারের তথ্য সুরক্ষিত ফেডারেল ট্যাক্সের তথ্য এবং ফলে, "অভ্যন্তরীণ রাজস্ব কোড বিভাগ] 6103 এর অধীন অনুমোদিত কোনও নির্দিষ্ট উদ্দেশ্য ব্যতীত অন্য এজেন্সির সাথে এই তথ্য শেয়ার করা SSA -এর জন্য নিষিদ্ধ"।[4] SSA নো ম্যাচ তথ্য অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবা (IRS)-এর সাথে শেয়ার করে কারণ SSA কে IRS-এর প্রতিনিধি হিসাবে বিবেচনা করা হয়।**

## নিয়োগকর্তা ও কর্মচারী কিভাবে আরো তথ্য জানতে পারে?

**নিয়োগকর্তাগণ লিগাল কাউন্সেল বা ইন্ডাস্ট্রির অ্যাসোসিয়েশনগুলোর সাথে পরামর্শ করতে পারেন। প্রয়োজনে, কর্মচারীরা তাদের কর্মক্ষেত্রের প্রতিনিধিদের সাথে আলোচনা করতে পারেন এবং/অথবা সংশোধনের উদ্দেশ্যে আইনী সহায়তা চাইতে পারেন। অভিবাসন সম্পর্কিত আইনী সাহায্যের জন্য নিউ ইয়র্কবাসীরা 311-এ কল করতে পারেন এবং রেফারেলের জন্য "ActionNYC" কিংবা "অভিবাসন আইনী পরিষেবা" বলতে পারেন।**

## SSA নো ম্যাচ লেটার এবং নিউ ইয়র্ক সিটির নতুন মানবাধিকার আইনের অধীনে বৈষম্য এড়ানো

তথ্যের অমিল থাকার কারণে কোনো কর্মচারীকে ছুটিতে রেখে দেওয়া বা চাকরীতে থেকে বাদ দেয়ার মত বিরূপ পদক্ষেপ নেওয়া হলে তা নিউ ইয়র্ক সিটির মানবাধিকার আইন (NYCHRL) লঙ্ঘন করতে পারে। অন্যান্য সুরক্ষার মধ্যে, NYCHRL কর্মচারীর প্রকৃত বা অনুমান করে নেয়া অভিবাসন অবস্থা, জাতীয় উৎস, বা অন্য কোনও সুরক্ষিত শ্রেণিতে সদস্যতার কারণে নিয়োগকর্তাকে এমনকি আংশিক ভাবেও কোনো কর্মচারীর সাথে বৈষম্যমূলক আচরণ করা থেকে বিরত রাখে। যে নিয়োগকর্তা কোনো কর্মীর বিরুদ্ধে বৈষম্য করা বা প্রতিশোধ নেওয়ার উদ্দেশ্যে নো ম্যাচ লেটারটিকে ব্যবহার করে, তার $250,000 মার্কিন ডলার পর্যন্ত দেওয়ানি জরিমানা হতে পারে এবং ক্ষতিগ্রস্থ কর্মচারীকে ক্ষতিপূরণ দিতে হতে পারে। এছাড়াও স্টেট এবং ফেডারেল আইনে বৈষম্য নিষিদ্ধ ও শাস্তির ব্যবস্থাও রয়েছে।

নিম্নোক্তগুলো নো ম্যাচ লেটার সংশ্লিষ্ট NYCHRL লঙ্ঘনের উদাহরণ:

- একজন নিয়োগকর্তা একটি নো ম্যাচ লেটার পেয়েছে যেটি ফিলিপিন্স থেকে আসা কর্মচারীদেরকে তালিকাভুক্ত করেছে। নিয়োগকর্তা দীর্ঘদিন ধরে কর্মচারীটিকে বিশেষ উচ্চারণে কথা বলার জন্য তাকে ছাটাই করার সুযোগ খুজছিলেন, যদিও এটি তার কাজ করার ক্ষমতার উপর কোনো প্রভাব ফেলেনি এবং তিনি আইনতভাবে কাজ করতে সক্ষম ছিলেন। নো ম্যাচ লেটারের দোহাই দিয়ে, নিয়োগকর্তা কর্মচারীকে ছাটাই করে দেন।
- একজন নিয়োগকর্তা তথ্যের অমিল থাকার কারণে একটি নো ম্যাচ লেটার পান। নিয়োগকর্তা ধরে নিয়েছেন যে একজন ব্রিটিশ অভিবাসী কর্মীর নাম নো ম্যাচ লেটারে উল্লেখ থাকার বিষয়টি কর্মীটি কর্তৃক প্রদত্ত ভুল তথ্যের কারণে হয়েছিল। নিয়োগকর্তা সংশ্লিষ্ট ব্রিটিশ কর্মচারীকে চিঠির একটি অনুলিপি দেন এবং তার ব্যাপারে বাড়তি আর কোন পদক্ষেপ নিলেন না। তবে নিয়োগকর্তা সন্দেহ করলেন যে নো ম্যাচ লেটারে উল্লেখিত আরও বেশ কয়েকজন শ্রমিক, যারা মেক্সিকো থেকে আসা অভিবাসী, তাদের আইনী অভিবাসন অবস্থা নেই। নিয়োগকর্তা তাদেরকে I-9 ফর্ম এবং কর্ম অনুমোদনের মূল প্রমাণপত্র নিয়ে আসতে বাধ্য করেন। কিছু কর্মী এই তথ্য আনেনি; নিয়োগকর্তা পরবর্তীতে তাদের চাকরিচ্যুত করে। নিয়োগকর্তা যেহেতু কেবলমাত্র মেক্সিকান বংশোদ্ভূত কর্মীদের ডকুমেন্টেশন সরবরাহ করার জন্য বাধ্য করেছিলেন, সেজন্য এই নিয়োগকর্তা NYCHRL-এর অধীনে জাতীয় উৎস এবং অভিবাসন অবস্থার ভিত্তিতে করা বৈষম্যের জন্য দায়ী হবেন।
- একজন কর্মচারী কর্মক্ষেত্রে কৃষ্ণাঙ্গ কর্মীদের জন্য অন্যায্য শর্তাবলী এবং অবস্থার বিষয়ে প্রতিবার করে আসছেন। নিয়োগকর্তা পরবর্তীতে সেই কর্মচারীটির ব্যাপারে তথ্যের অমিল সম্পর্কিত একটি নো ম্যাচ লেটার পেলেন। নিয়োগকর্তা কর্মচারীর বৈষম্যের অভিযোগের প্রতিক্রিয়া হিসাবে কর্মচারীকে চাকুরীচ্যুত করার সিদ্ধান্ত নেন এবং চাকরিচ্যুত করার অজুহাত হিসাবে নো ম্যাচ লেটারটি ব্যবহার করেন। সুরক্ষা প্রদানমূলক কর্মকান্ডে জড়িত থাকায় একজন কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার কারণে এই নিয়োগকর্তা NYCHRL-এর অধীনে প্রতিশোধ নেয়ার জন্য দায়ী হবেন।

---

[4]সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন, নিয়োগকর্তা সংশোধন অনুরোধ বিজ্ঞপ্তির জন্য নিয়োগকর্তারা যেসকল প্রশ্ন করেন, পাওয়া যাবে https://www.ssa.gov/employer/notices/Questions%20Employers%20Ask%20Final.pdf-এখানে।

## নিয়োগকর্তাদের জন্য অতিরিক্ত সংস্থান:

*অভিবাসন অবস্থা এবং জাতীয় উৎসের ভিত্তিতে বৈষম্য সম্পর্কিত আইন প্রয়োগের নির্দেশিকা:*
https://www1.nyc.gov/assets/cchr/downloads/pdf/publications/immigration-guidance.pdf
*I-9 ও চাকরির যাচাইকরণ প্রক্রিয়ায় কিভাবে বৈষম্য এড়াতে হয়:* https://www.justice.gov/crt/page/file/1132606/download
*নাগরিকত্ব অবস্থার বৈষম্য বিষয়ে নিয়োগকারীদের জন্য তথ্য:*
https://www.justice.gov/crt/page/file/1080256/download
***মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের SSA নো ম্যাচ নির্দেশিকা:***
https://www.justice.gov/crt/ssa-no-match-guidance-page